

# সফটওয়্যারের কারুকাজ

## লগঅন স্ক্রিন কাস্টোমাইজ করা

উইডোজ লগঅন স্ক্রিন পরিবর্তন করা যেমন জটিল কাজ, তেমনই হাত করা বেশ ঝুঁকিপূর্ণ। তবে উইডোজ ৭-এ কাজটি বেশ সহজে করা যায়। এজন্য প্রথমে ব্রাউজ করুন HKEY\_LOCAL\_MACHINE\Software\Microsoft\Windows\CurrentVersion\Authentication\LogonUI\Background in REGEDIT। এবার DWORD কী-তে ডাবল ক্লিক করুন, যাকে OEMBackground বলা হয়। যদি এই ভ্যালু না থাকে, তাহলে এর ভ্যালু ১ হিসেবে সেট করুন। এবার একটি ব্যাকগ্রাউন্ড ইমেজ খুঁজে বের করুন, যা আপনি ব্যবহার করতে চাচ্ছেন। এ ক্ষেত্রে লক্ষ রাখতে হবে ইমেজ সাইজ যেনে ২৫৬ কি.বা.-এর কম হয় এবং অ্যাসপেন্ট রেশিও যেনে আপনার স্ক্রিনের সাথে সঙ্গতিপূর্ণ হয়।

এরপর ওই ইমেজকে %Windir%\system32\oobe\info\background ফোল্ডার কপি করুন। যদি info\background ফোল্ডার না থাকে তাহলে তা তৈরি করে নিন। এ ইমেজটিকে রিনেম করুন backgroundDefault.jpg নামে। পিসি রিবুট করুন। এর ফলে আপনি দেখতে পারবেন একটি নতুন কাস্টম লগঅন স্ক্রিন।

বিকল্প হিসেবে সবকিছু হ্যান্ডেল করার জন্য একটি টুল ব্যবহার করতে হবে। Logon Changer ডিসপ্লে করে প্রিভিউ, যাতে আপনি বুঝতে পারেন পিসি রিবুট না করে লগঅন স্ক্রিন কেমন হবে, যেখানে লগঅন স্ক্রিন রোট্রেট গ্রহণ করে মাল্টিপল ইমেজ এবং ডিসপ্লে করে একটি ডিম্ব জিনিস প্রতিবার লগঅনের সময়।

## উপভোগ করুন

### একটি রেট্রো টাক্সবার

উইডোজ ৭ বর্তমানে এমনভাবে টাক্সবার বাটনকে সমন্বিত করেছে যে প্রচুর ডেক্সটপ স্পেস সার্শ্য হয়। অবশ্য এতে বেশ জটিলতা সৃষ্টি হয়। ফলে তাৎক্ষণিকভাবে বলা মুশকিল হয়ে পড়ে যে কোনো আইকন রানিং অ্যাপ্লিকেশনকে উপস্থাপন করছে নাকি একটি শর্টকাট। এ ক্ষেত্রে যদি আপনি অধিকতর গতনুগতিক অ্যাপ্রোচ পছন্দ করেন, তাহলে টাক্সবারে ডান ক্লিক করে Properties সিলেক্ট করুন এবং Taskbar Button-কে ‘Combine when taskbar in full’-এ সেট করুন। এর ফলে আপনি প্রতিটি রানিং অ্যাপ্লিকেশনের জন্য পাবেন স্পষ্ট এবং আলাদা রাউন, যা সহজ করবে প্রোগ্রামগুলোকে শনাক্ত করা।

শিউলী

সাহেব বাজার, রাজশাহী

### এমএসওয়ার্ড ব্যাকগ্রাউন্ড হিসেবে ওয়াটারমার্ক ইমেজ/টেক্সটের ব্যবহার

অনেক সময় এমএসওয়ার্ডে লেখার পেছনে কোন লেখাকে বা ছবিকে ওয়াটার কালারের মতো ব্যবহার করার প্রয়োজন হয়। এজন্য এমএসওয়ার্ড ২০০৩-এর ক্ষেত্রে মেনুবারের

ফরম্যাট থেকে ব্যাকগ্রাউন্ড অপশনে যান এবং Printed Watermark... নির্বাচন করুন। প্রিন্টেড ওয়াটারমার্ক উইডো আসার পর Picture Watermark সিলেক্ট করুন এবং Select Picture বাটনে ক্লিক করে পিকচারের লোকেশন দেখিয়ে দিন। তবে ওয়াটারমার্ক ইমেজসহ কোনো ডকুমেন্ট প্রিন্ট করতে চাইলে সে ক্ষেত্রে Washout মার্ক করুন। এবার Apply, Ok দিয়ে বের হয়ে আসুন। কোনো লেখাকে ওয়াটারমার্ক করতে চাইলে ওয়াটারমার্ককে উইডো থেকে টেক্সট ওয়াটারমার্ক সিলেক্ট করুন। এখন টেক্সট বর্তো টেক্সট টাইপ করুন এবং ফন্ট, কালার, সাইজ ও লেআউট ইচ্ছেমতো সিলেক্ট করুন। তবে টেক্সট ওয়াটারমার্কসহ কোনো ডকুমেন্ট প্রিন্ট করতে চাইলে Semitransparent সিলেক্ট করুন। তারপর Apply, Ok দিয়ে বেরিয়ে আসুন।

এমএসওয়ার্ড ২০০৭-এর ক্ষেত্রে পেজ লেআউট মেনু থেকে ওয়াটারমার্ক অপশনে যান। এরপর কাস্টম ওয়াটারমার্ক সিলেক্ট করুন। নতুন উইডো আসার পর পিকচার ওয়াটারমার্ক সিলেক্ট করুন এবং সিলেক্ট বাটন চেপে পিকচারের লোকেশন দেখিয়ে দিন। এবার Apply, Ok দিয়ে বেরিয়ে আসুন। কোনো টেক্সটকে ওয়াটারমার্ক করতে চাইলে ওয়াটারমার্ক মেনু থেকে কাস্টম ওয়াটারমার্ক ক্লিক করে টেক্সট ওয়াটারমার্ক সিলেক্ট করুন। টেক্সট বর্তো টেক্সট টাইপ করে কালার, ফন্ট, স্টাইল সিলেক্ট করুন। এরপর Apply, Ok দিয়ে বেরিয়ে আসুন।

### এমএসওয়ার্ড ২০০৭-এর কিছু শর্টকাট পদ্ধতি

০১. যেকোনো জায়গায় কার্সর নেয়ার জন্য এন্টার চেপে কিংবা ট্যাব অথবা স্পেস চেপে যেতে হতো। এখন শুধু ডকুমেন্টের যেকোনো জায়গায় ডাবল ক্লিক করে সেখানে কার্সর নিতে পারবেন। ০২. অনেক সময় নতুন কোনো লাইনের শুরুতে স্পেস দিলেও স্পেস হয় না। এজন্য লাইনের শুরুতে কার্সর রেখে Shift+Enter বাটন চাপুন। ০৩. পেজ সেটআপ অপশনে যাওয়ার জন্য বাম পাশের রুলারের উপর ডাবল ক্লিক করুন। ০৪. কোনো শব্দকে সিলেক্ট করতে ওই শব্দের ওপর ডাবল ক্লিক করুন। ০৫. কোনো লাইনকে সিলেক্ট করতে ওই লাইনের ওপর ট্রিপল ক্লিক করুন।

ক঳োল

আত্মাই, নওগাঁ

### রিস্টোর করুন ক্যাঞ্চ টুলবার

যদি আপনি নতুন টাক্সবারে সন্তুষ্ট না হন, তাহলে রিস্টোর করতে পারবেন পুরনো ক্যাঞ্চ লাঞ্চ টুলবার। এজন্য টাক্সবারে ডান ক্লিক করে বেছে নিন Toolbars→New Toolbar অপশন। %UserProfile%\AppData\Roaming\Microsoft\Internet Explorer\Quick Launch টাইপ করুন ফোল্ডার বর্তো এবং সিলেক্ট ফোল্ডারে ক্লিক করুন।

এবার টাক্সবারে ডান ক্লিক করে ‘Lock The taskbar’ পরিষ্কার করুন এবং ‘Quick Launch’-এ খেয়াল করে দেখুন। এর ডিভাইডার ডান ক্লিক করুন এবং Show Text and show Title to minimise the space it takes up ক্লিয়ার করুন। বারে ডান ক্লিক করে View→Small Icons-এ ক্লিক করুন প্রকৃত রেট্রো লুকের কাজ শেষ করার জন্য।

### উইডোজ লাইভ মেসেঞ্জার

#### আইকন লুকানো

যদি আপনি উইডোজ লাইভ মেসেঞ্জার আইকন ব্যাপকভাবে ব্যবহার করেন, তাহলে আপনি নোটিস পাবেন যে আইকন টাক্সবারের পাশে অবস্থান করছে যেখান থেকে দ্রুতগতিতে ও সহজেই স্ট্যাটাস পরিবর্তন করতে এবং যেকোনো ব্যক্তির কাছে আইএম পাঠাতে পারবেন। যদি উইডোজ লাইভ মেসেঞ্জারকে সিস্টেম ট্রেতে রাখতে চান, যেখান থেকে আগের ভাসন অবমুক্ত হয়েছিল, তাহলে উইডোজ লাইভ মেসেঞ্জারকে ক্লোজ করুন, শর্টকাট প্রোপার্টিজে এডিট করুন এবং অ্যাপ্লিকেশনটি উইডোজ ভিস্তা কম্প্যাচিল মোডে সেট করুন।

### সার্চ কার্যক্রম গোপন রাখা

বাই ডিফল্ট উইডোজ ৭ আপনার পিসি সার্চ কোরের মনে রাখে এবং সবচেয়ে সাম্প্রতিক উদাহরণ মনে রাখে, যখন উইডোজ এক্সপ্রোর সার্চ করা হয়। যদি আপনার শেয়ারিং পিসি হয় এবং চাচ্ছেন না যে সবাই আপনার সার্চ কার্যক্রম দেখুক, তাহলে GPEDIT.MSC চালু করুন এবং User Configuration→Administrative Templates→Windows Components→Windows Explores-এ অ্যাক্সেস করুন। এরপর ‘Turn off display of recent search entries...’ ডাবল ক্লিক করুন। এরপর Enabled→Ok-তে ক্লিক করুন।

শাহজাহান মিএঞ্জা

স্টেশন রোড, রাজবাড়ী

### কারুকাজ বিভাগে লিখন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠাতে। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- শিউলী, ক঳োল ও শাহজাহান মিএঞ্জা।